গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৮- ৫০৫ তারিখঃ ০৯-০৪-২০১৮

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৮-০৩-২০১৮ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (ফেব্রুয়ারী/২০১৮ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৮-০৩-২০১৮ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির ফেব্রুয়ারী/২০১৮ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরনী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো:

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এপ্রিল, ২০১৮ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামি ১৫-০৪-২০১৮ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (e-mail: neenashahnaz@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৪ (চার) পাতা।

৯/৪/২০১৮

(শাহনাজ বেগম নীনা)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: neenashahnaz@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। উপ-পরিচালক (বাজার সংযোগ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২। উপ-পরিচালক (গবেষণা), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
৪। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
৫। কর্মসূচি পরিচালক, বসতবাড়িতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচি, রংপুর।
৬। কর্মসূচি পরিচালক, ফ্রেশকাট শাক-সবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৮-০৩-২০১৮ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (ফেব্রুয়ারী/২০১৮ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : | সকাল ০৯.০০ ঘটিকা। |
| তারিখ | : | ২৮ মার্চ, ২০১৮ খ্রিঃ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-'ক' । |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**আলোচনাঃ**

**১। আলোচ্য বিষয়-১:** ২৬-০২-২০১৮ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২৬-০২-২০১৮ তারিখে জানুয়ারী ২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ২৬-০২-২০১৮ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২.১:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে সভাকে জানান হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে এডিপিতে ০১টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে এডিপি ৫৩০.০০ লক্ষ টাকার বিপরীতে **১ম ও ২য়** কিস্তি বাবদ মোট ২৬৫.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া যায় এবং ফেব্রুয়ারী, ২০১৮ পর্যন্ত সর্বমোট ২০৮.৫০ লক্ষ টাকা অর্থ ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৩৯.৩৪%। তাছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়িত ০২টি কর্মসূচী এর আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে মোট ৮৩.৮০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১ম , ২য় ও ৩য় কিস্তি বাবদ ৬২.৮৫ লক্ষ টাকা ছাড় করা হয় এবং ফেব্রুয়ারী, ২০১৮ পর্যন্ত সর্বমোট ৩৭.১৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৪৪.৩১ %। ইতোমধ্যে প্রকল্পের আরএডিপির সাথে সমন্বয় করে ৫৮.৫০ লক্ষ টাকা ৩য় কিস্তিতে অর্থ ছাড় করা হয়েছে। এডিপি বাস্তবায়নের হার আরও গতিশীল করার লক্ষ্যে প্রকল্প/কর্মসূচি সমূহে আরো বেশী গতিশীল হওয়ার জন্য প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালককে সভায় নির্দেশনা দেয়া হয়।

**২.১** বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে সমন্বিত মান সম্পন্ন উদ্যান উন্নয়ন প্রকল্প (ডিএএম অংগ) (সমাপ্ত) এবং "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের বছর ওয়ারী সকল অডিট আপত্তি অতিদ্রুত নিষ্পত্তি করার জন্য প্রয়োজনে অডিট অধিদপ্তরে সরাসরি যোগাযোগ করে সমাধান করা প্রয়োজন।

**২.২: "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের** আওতায় চলমান এসেম্বল সেন্টার নির্মাণ কাজ প্রকল্পের নির্ধারিত ব্যয় প্রাক্কলনের মধ্যে শেষ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে এবং বিশ্বম্বরপুর উপজেলার এসেম্বল সেন্টার এর বিষয়ে বিএডিসিকে পত্র দিতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। আসন্ন রমজানের পূর্বে সিলেট অঞ্চলের বিভাগীয় কর্মকর্তাদের সম্পৃক্ত করে সকল ধরণের প্রশিক্ষণ, সেমিনার ও মোটিভেশনাল ট্যুর শেষ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রকল্পের মাঠ কর্মকর্তাগণ, জেলা বাজার কর্মকর্তা,সহকারী

পরিচালক পর্যায়ক্রমে প্রকল্পের নির্মাণ কাজের তদারকি করতে সভাপতি নির্দেশ প্রদান করেন। প্রশিক্ষণে আদা, রসুন, কাঁচামরিচ ইত্যাদি মসলাজাতীয় পণ্য এবং আলুর রকমারি খাবার, প্রক্রিয়াজাতকরণ কলাকৌশল বিষয়ে ধারণা দিতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**২.৩: "বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচি"** কর্মসূচির শেষ বছরে তৃতীয় কিস্তির অর্থ ব্যয়, চাঁদপুরে আলুর ঘর তৈরীর জায়গা সংক্রান্ত বিষয়ে জটিলতা ও "আলুর মিষ্টি ঘর" তৈরীর কাজ শেষ করতে না পারায় সভায় সভাপতি অসন্তোষ জ্ঞাপন করেন। এপ্রিল, ২০১৮ মাসের মধ্যে সকল আলুর ঘর নির্মাণ কাজ সমাপ্ত করাসহ, সকল ধরণের প্রশিক্ষণ ও সেমিনার সম্পন্ন করতে সভায় পুনরায় নির্দেশনা দেয়া হয়। এছাড়া কর্মসূচির কার্যক্রম অব্যাহত রাখার নিমিত্ত আগামী ২ সপ্তাহের মধ্যে সংশোধিত আকারে একটি নতুন কর্মসূচী প্রস্তাব দিতে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহ পর্যায়ে আলু সংরক্ষণাগার নির্মাণ কৌশল ও তার উপযোগীতা সম্বলিত তথ্যাদিসহ লিফলেট, পোষ্টার ও হ্যান্ডবিল প্রচারের ব্যবস্থা নিতে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**২.৪ : ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচির** কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে আগামী ১৫ মে/২০১৮ মাসের মধ্যে সকল প্রশিক্ষণ, সেমিনার ও মোটিভেশনাল ট্যুর কার্যক্রম সমাপ্ত করাসহ কর্মসূচির আওতায় সংগৃহীত ভ্যান গুলোর মাধ্যমে পণ্য সামগ্রী ঢাকা শহরে দৃশ্যমান স্থানে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে সভায় পুনরায় নির্দেশ প্রদান করা হয়। এছাড়া বিভাগীয় শহরের বিভিন্ন সুপারশপের উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে ফ্রেশকাট কর্মসূচির উদ্যোক্তাগণ কর্তৃক উৎপাদিত পণ্য সামগ্রি বিক্রির ব্যবস্থা গ্রহণের নিমিত্ত কর্মসূচি হতে সংশ্লিষ্টদের সাথে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয় । আলু, টমেটোর বিকল্প ব্যবস্থা এবং ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ সম্পর্কে ব্যাপক প্রচার প্রচারণার লক্ষ্যে কৃষি তথ্য সার্ভিসের মাধ্যমে এবং ব্যক্তিগত পর্যায়ে বিভিন্ন জাতীয় পত্রিকা ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয় ।

**৩: দরপত্রের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ** ২০১৭-১৮ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্প/কর্মসূচি সমূহের যে সকল পণ্য/কার্য/ সেবার দরপত্রের কার্যাদেশ প্রদান করা হয়েছে তার গুণগত মান ও সিডিউলের নির্ধারিত স্পেসিফিকেশন মোতাবেক কার্য সম্পন্ন করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**৪-বিবিধঃ** অধিদপ্তরের বিভিন্ন আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে বিদ্যমান অতি পুরাতন মেশিনারী গুলো ডিসপোজালের জন্য গঠিত কমিটি কার্যকর ব্যবস্থা গ্রহণ পূর্বক মতামতসহ প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ না করায় সভায় অসন্তোষ জ্ঞাপন করা হয় এবং দ্রুত এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় সভায় নির্দেশনা প্রদান করা হয়। কৃষি মন্ত্রণালয়ের বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার আলোচনার প্রেক্ষিতে "কৃষিজাত পণ্যের বিপণন সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে সংশ্লিষ্ট সরকারী ও বেসরকারি দপ্তর/প্রতিষ্ঠানের সমন্বয় সাধন" করার নিমিত্ত কৃষি বিপণন অধিদপ্তরের বাজার সংযোগ শাখাকে সাচিবিক উদ্যোগ গ্রহনের নির্দেশনা প্রদান করা হয়। এ কাজের ধারাবাহিকতায় কাঁঠালের গুণাবলী, ব্যবহার ও বিপণন সম্ভাবনার উপর ১টি প্রেজেন্টেশন প্রস্তুত ও কাঁঠাল মৌসুমের পূর্বেই ১টি স্টেকহোল্ডার সভার আয়োজন এবং কাঁঠাল মেলার সামগ্রিক প্রস্তুতি গ্রহণ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়। কাঠালের চিপস, ফ্রেশকাট এবং কাঁচাকাঠালকে ভেজিটেবল মিট হিসেবে জনপ্রিয় করার উদ্যোগ নিতে সভায় নির্দেশনা প্রদান করা হয়। আলু ও টমেটো দিয়ে তৈরি বিভিন্ন রকমারি খাদ্যের প্রক্রিয়াজাতকরণ রেসিপি ও খাদ্যের বহুমূখী ব্যবহার সম্পর্কিত বিজ্ঞাপন জনবহুল পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ২০১৭-২০১৮ অর্থ বছরের প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (ফেব্রুয়ারী/২০১৮ পর্যন্ত) পর্যালোচনা সভার আলোচনার প্রেক্ষিতে মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশনা মোতাবেক সাদা রংয়ের ভুট্টায় পুষ্টিমান কম থাকায় রিবোফ্লোবিন/ভিটামিন এ এবং ডি সমৃদ্ধ ভুট্টা চাষে কৃষকদের উদ্বুদ্ধ করতে কৃষকদের সঠিক তথ্য জানিয়ে লিফলেট/পোষ্টার/হ্যান্ডবিল ইত্যাদি প্রচার করার জন্য উপ-পরিচালক, (গবেষণা) ও সহকারী পরিচালক (প্রশাসন) কে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া কৃষি বিজ্ঞান, প্রায়োগিক গবেষণা, ফসলসমূহের জাতের উন্নয়ন, পুষ্টিগুন, খাদ্যমান/নিরাপত্তা নিশ্চিতকরণ, খাদ্যের বহুমূখী ব্যবহার, ফসল সংরক্ষণসহ নানা বিষয়ে গঠিত রাইটার্স পুলে প্রতি মাসে ২টি তথ্য সমৃদ্ধ অনুসন্ধিৎসু লিখা নিয়মিতভাবে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করার উদ্যোগ গ্রহণ

করতে উপ-পরিচালক, (গবেষণা)কে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালকগণকে সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভুক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিতভাবে মহাপরিচালক বরাবর অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

**৫: সভার সিদ্ধান্তসমূহঃ**

এডিপি বাস্তবায়নের হার আরও গতিশীল করার নিমিত্ত প্রকল্প/কর্মসূচি সংশ্লিষ্ট সকল কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পাদনের জন্য বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫.১ | (ক) চলমান এসেম্বল সেন্টার নির্মাণ কাজ প্রকল্পের নির্ধারিত ব্যয় প্রাক্কলনের মধ্যে শেষ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে এবং বিশ্বম্বরপুর উপজেলার এসেম্বল সেন্টার এর বিষয়ে বিএডিসিকে পত্র দিতে হবে।<br>(খ) আসন্ন রমজানের পূর্বে সিলেট অঞ্চলের বিভাগীয় কর্মকর্তাদের সম্পৃক্ত করে সকল ধরণের প্রশিক্ষণ, সার্ভে ও সেমিনার শেষ করতে হবে।<br>(গ) কৃষি বিপণন অধিদপ্তরের সিলেট বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তাগণ, জেলা বাজার কর্মকর্তাগণ ও প্রকল্পের মাঠ কর্মকর্তাগণদের প্রকল্পের নির্মাণ কাজ পর্যায়ক্রমে পরিদর্শন ও তদারকি করতে হবে। | প্রকল্প পরিচালক<br>আইসিআইএসআরপি<br>(ডিএএম অংগ)<br>ও<br>উপ-পরিচালক<br>সিলেট বিভাগ |
| ৫.২ | (ক) এপ্রিল, ২০১৮ মাসের মধ্যে সকল আলুর ঘর নির্মাণ কাজ ও আলু হতে রকমারি মিষ্টি প্রস্তুত পূর্বক বিক্রয়ের নিমিত্ত মডেল "আলুর মিষ্টি ঘর" তৈরীর কাজ এবং সকল ধরণের প্রশিক্ষণ ও সেমিনার সম্পন্ন করতে হবে।<br>(খ) কর্মসূচির বরাদ্দ শেষ হলেও এর কার্যক্রম সারাবছর চালু রাখার নিমিত্ত প্রয়োজনীয় উদ্যোগ এবং আগামী ২ সপ্তাহের মধ্যে সংশোধিত আকারে একটি নতুন কর্মসূচী প্রস্তাব প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৫.৩ | (ক) গৃহ পর্যায়ে আলু সংরক্ষণাগার নির্মাণ কৌশল ও তার উপযোগীতা সম্বলিত তথ্যাদিসহ লিফলেট, পোষ্টার ও হ্যান্ডবিল মুদ্রণের ব্যবস্থা নিতে হবে এবং এতদসংক্রান্ত বিষয়ে ০৭ (সাত) দিনের মধ্যে জাতীয় পত্র পত্রিকায় গণবিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা নিতে হবে।<br>(খ) এতদসংক্রান্ত সিদ্ধান্ত বাস্তবায়নে কর্মপরিকল্পনা ও প্রস্তাব পরবর্তি সভায় উপস্থাপন করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী<br>ও<br>সহকারী পরিচালক (প্রশাঃ) |
| ৫.৪ | (ক) আগামী মধ্য মে,২০১৮ মাসের মধ্যে সকল প্রশিক্ষণ, সেমিনার ও মোটিভেশনাল ট্যুর কার্যক্রম সমাপ্ত করাসহ কর্মসূচির আওতায় সংগৃহীত ভ্যান গুলোর মাধ্যমে পণ্য সামগ্রী ঢাকা শহরে দৃশ্যমান স্থানে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) কর্মসূচি হতে যে সকল জেলায় ভ্যান ও অন্যান্য পণ্য সামগ্রি বিতরণ করা হয়েছে তা যথাযথ ভাবে ব্যবহৃত হচ্ছে কিনা তা জানতে বিভাগীয় উপ-পরিচালকদের মনিটরিং করার জন্য পত্র দিতে হবে। | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |

| | | |
|---|---|---|
| ৫.৫ | (ক) অতিদ্রুত বিভাগীয় শহরের বিভিন্ন সুপারশপের উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলাপ আলোচনা করে ফ্রেশকাট কর্মসূচির উদ্যোক্তাগণ কর্তৃক উৎপাদিত পণ্য সামগ্রি বিক্রির ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্টদের সাথে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(খ) আলু, টমেটোর বিকল্প ব্যবহার এবং ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ সম্পর্কে (কৃষি তথ্য সার্ভিসের মাধ্যমে এবং ব্যক্তিগত পর্যায়ে যোগাযোগ করে) বিভিন্ন জাতীয় পত্রিকা ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |
| ৫.৬ | (ক) আলু ও টমেটো দিয়ে তৈরি বিভিন্ন রকমারি খাদ্যের প্রক্রিয়াজাতকরণ রেসিপি ও খাদ্যের বহুমূখী ব্যবহার সম্পর্কিত বিজ্ঞাপন জনবহুল পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) সাদা রংয়ের ভুট্টায় পুষ্টিমান কম থাকায় রিবোফ্লোবিন/ভিটামিন এ এবং ডি সমৃদ্ধ ভুট্টা চাষে কৃষকদের উদ্বুদ্ধ করতে কৃষকদের সঠিক তথ্য জানিয়ে লিফলেট/পোষ্টার/হ্যান্ডবিল ইত্যাদি প্রচারের ব্যবস্থা নিতে হবে।<br>(গ) কৃষি বিজ্ঞান, প্রায়োগিক গবেষণা, ফসলসমূহের জাতের উন্নয়ন, পুষ্টিগুন, খাদ্যমান/নিরাপত্তা নিশ্চিতকরণ, খাদ্যের বহুমূখী ব্যবহার, ফসল সংরক্ষণসহ নানা বিষয়ে নিয়মিতভাবে প্রতি মাসে ২টি তথ্য সমৃদ্ধ অনুসন্ধিৎসু লিখা কৃষি মন্ত্রণালয়ে গঠিত রাইটার্স পুলে প্রেরণ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক<br>(গবেষণা) |
| ৫.৭ | (ক) কাঁঠালের বহুমূখী ব্যবহার সম্পর্কে লিফলেট/ফোল্ডার প্রস্তুত করে ব্যাপক প্রচারের ব্যবস্থা নিতে হবে।<br>(খ) কাঁঠালের গুনাবলী, ব্যবহার ও বিপণন সম্ভাবনার উপর ১টি প্রেজেন্টেশন প্রস্তুত ও কাঁঠাল মৌসুমের পূর্বেই ১টি স্টেকহোল্ডার সভার আয়োজন করতে হবে। | উপ-পরিচালক<br>(বাজার সংযোগ)<br>ও<br>উপ-পরিচালক (গবেষণা) |
| ৫.৮ | (ক) কাঁঠাল মেলার সামগ্রিক প্রস্তুতি গ্রহণ করতে হবে।<br>(খ) কাঠালের চিপস, ফ্রেশকাট এবং কাঁচাকাঁঠালকে ভেজিটেবল মিট হিসেবে জনপ্রিয় করার উদ্যোগ নিতে এবং কাঠাল প্রক্রিয়াজাত করে বিভিন্ন পণ্য উৎপাদনের সুবিধার্থে এতদসংক্রান্ত লিফলেট বুকলেট প্রনয়ণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর